রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১২ সনের ৩৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২০, ২০১২

## সূচীপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম খণ্ড | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৩৯—৪৪২ |
| ২য় খণ্ড | প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১২৯—১১৭৭ |
| ৩য় খণ্ড | প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১১—১১৩ |
| ৪র্থ খণ্ড | প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড | বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড | প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৯৭—৯৪৬ |
| ৭ম খণ্ড | অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড | বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৯৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | | |
| (১) | . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) | . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃংখলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ ভাদ্র ১৪১৯/২৬ আগস্ট ২০১২

**নং ০৫.০০.০০০০.১৮২.০২.০০১.১২-৬৬৩**—যেহেতু, আপনি জনাব কাজী মোঃ আলিমউল্লাহ (১৬৩৩৩), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল এর বিরুদ্ধে বিসিএস (প্রশাসন) একাডেমী কর্তৃপক্ষের বিনানুমতিতে ১৯-০৯-২০১০ খ্রিঃ তারিখ একাডেমীর ডরমিটরী ত্যাগ করে পরবর্তীতে আর উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ না করা এবং ১৯-০৯-২০১০ তারিখ হতে ১৫-০৩-২০১১ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অপরাধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Disertion)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩১-০১-২০১২ খ্রিঃ তারিখের ০৫.১৮২.০০১.০০.০০.০০৩.২০১১-৮৬ নম্বর স্মারকমূলে তাঁর কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি ২০-০২-২০১২ খ্রিঃ তারিখ কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন এবং ০৯-০৪-২০১২ খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানীঅন্তে ১৭-০৪-২০১২ তারিখে প্রকৃত ঘটনা উদঘাটন ও ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত হওয়া প্রয়োজন বলে প্রতীয়মান হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের বেগম শামীমা ইয়াছমিন, উপ-সচিব, তদন্ত-১ কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে ১৪-৬-২০১২ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে জনাব কাজী মোঃ আলিমউল্লাহ (১৬৩৩৩) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(সি) মোতাবেক "ডিজারশন (Desertion)" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেন;

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

## পররাষ্ট্র মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ভাদ্র ১৪১৯/০২ সেপ্টেম্বর ২০১২

**নং এডি-পি(২)-২৩২১**—পররাষ্ট্র মন্ত্রণালয়-এর ১২ আগস্ট ২০১২ তারিখের এডি-পিএন্ডও-৪৪২(অংশ-৩)/১৭২(খ) নম্বর অফিস আদেশ মোতাবেক মিজ ইসমত আরা বেগম, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর-কে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতি প্রদানের প্রেক্ষিতে তিনি ১০ জুলাই ২০১২ তারিখ (পূর্বাহ্নে) পদোন্নতিপ্রাপ্ত পদে পররাষ্ট্র মন্ত্রণালয়ে দায়িত্বভার গ্রহণ করেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

**অনির্বাণ নিয়োগী**
সহকারী সচিব (সংস্থাপন-২)।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
### প্রশাসন শাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ সেপ্টেম্বর ২০১২

**নং ২৫.০১৩.০১১.০৬.০০.০০৩.২০০২(২)-৪৩**—বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ২৭-০৬-২০১২ তারিখের ৮০.১০১.০১১. ০০.০০.০১.২০১১(গোপনীয়)/অংশ-১৬২৫/২০১২/১৩২ নং পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ১৪ (চৌদ্দ) জন প্রার্থীকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গণপূর্ত অধিদপ্তরে বিসিএস (গণপূর্ত) ক্যাডারের “উপ বিভাগীয় প্রকৌশলী (ই/এম)” পদে জাতীয় বেতন স্কেল/২০০৯ এর টাকা ১৮,৫০০–৮০০×১৪-২৯,৭০০ বেতনক্রমে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যূন ০৪ মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে সরকার এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরীতে স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে যদি কাউকে চাকুরীতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হয়, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সাথে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরী হতে অব্যাহতি দেয়া যাবে;

(ঘ) চাকুরীতে যোগদান করার পর তাকে কোন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি কেহ শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩(তিন) বছরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে তিনি উক্ত সময়ের মধ্যে গৃহীত বেতন ও প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঙ) যদি কেহ তার ইস্তফাপত্র নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঘ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকোভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন; তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে।

(ঞ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ট) এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

২। অনুচ্ছেদ-১ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২০ সেপ্টেম্বর ২০১২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে তাঁকে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম)-১৪ (চৌদ্দ) জন ঃ

| ক্রমিক নং | মেধানুসারে ক্রমিক নং | রেজিস্ট্রেশন নম্বর | নাম | নিজ জেলা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | ১ | ০০০১১১ | মোঃ জিয়াউর রহমান | পাবনা |
| (২) | ২ | ০০০১১৪ | এ এইচ এম জাফরুল হোসেন | গাইবান্ধা |
| (৩) | ৩ | ০০০১০৪ | মোঃ জাহাঙ্গীর আলম | রাজশাহী |
| (৪) | ৪ | ০০০১০৩ | মোঃ ফিরোজ কবির মন্ডল | গাইবান্ধা |
| (৫) | ৫ | ০০০১০২ | রিজাউল করিম | ফরিদপুর |
| (৬) | ৬ | ০০০০৮৮ | তাসফিন মুহাইমীন হক | কুড়িগ্রাম |
| (৭) | ৭ | ০০০০৯৮ | শরীফ মোঃ আব্দুল্লাহ আল-মাসুম | বরিশাল |
| (৮) | ৮ | ০০০০৮৬ | মোঃ নাফিজ মাহমুদ | রাজশাহী |
| (৯) | ৯ | ০০০১১৬ | সমীরণ মিস্ত্রী | খুলনা |
| (১০) | ১০ | ০০০১০৮ | মোঃ আইয়ুব আলী | বগুড়া |
| (১১) | ১১ | ০০০১১৮ | ফারহানা আহমেদ | ফেনী |
| (১২) | ১২ | ০০০১২৩ | মোহাম্মদ ফায়েজুর রহমান | বি-বাড়ীয়া |
| (১৩) | ১৩ | ০০০১১৯ | মোঃ আবু তালেব | সিরাজগঞ্জ |
| (১৪) | ১৪ | ০০০১৮৯ | এ আর এম তাওহীদুর রহমান | শেরপুর |

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. খোন্দকার শওকত হোসেন**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ জুলাই ২০১২/১ শ্রাবণ ১৪১৯

**নং ০৮.০৩২.০১২.০০.০০.০৩৬.২০১২-৪৯১**—বিসিএস (কর) ক্যাডারের নিম্নবর্ণিত ১৯ (উনিশ) জন উপ কর কমিশনার-কে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ২২,২৫০–৩১,২৫০ (৫ম গ্রেড) বেতনক্রমে যুগ্ম-কর কমিশনার পদে পদোন্নতি প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | গ্রেডেশন নং |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (১) | জনাব মোহাঃ আবুল কালাম | ১৬২ |
| (২) | জনাব রঞ্জিৎ কুমার তালুকদার | ১৬৪ |
| (৩) | জনাব খন্দকার খুরশীদ কামাল | ১৬৫ |
| (৪) | জনাব মনোয়ার আহমেদ | ১৬৬ |
| (৫) | জনাব মোঃ নুরুজ্জামান খান | ১৬৭ |
| (৬) | কাজী লতিফুর রহমান | ১৬৮ |
| (৭) | জনাব মোহাম্মদ আবদুস শহীদ কবীর | ১৬৯ |
| (৮) | জনাব মোঃ আব্দুল গফুর | ১৭০ |
| (৯) | জনাব মোঃ শামীমুর রহমান | ১৭১ |
| (১০) | বেগম সামিয়া আখতার | ১৭২ |
| (১১) | জনাব মোঃ তোহিদুল ইসলাম | ১৭৩ |
| (১২) | বেগম ছাবিনা ইয়াসমিন | ১৭৪ |
| (১৩) | জনাব খালেদ শারিফ আরেফিন | ১৭৫ |
| (১৪) | জনাব মোঃ সিরাজুল করিম | ১৭৬ |
| (১৫) | জনাব মোঃ শাহাদাৎ হোসেন শিকদার | ১৭৭ |
| (১৬) | জনাব কবীর উদ্দিন মোল্লা | ১৭৮ |
| (১৭) | বেগম শারমিন ফেরদৌসী | ১৭৯ |
| (১৮) | জনাব শফিকুল ইসলাম মল্লিক | ১৮০ |
| (১৯) | জনাব মোঃ মমতাজ উদ্দিন | ১৮২ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আব্দুল মান্নান ইলিয়াস**
উপ-সচিব।